# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১৮৪

৭/ তালাক (كتاب الطلاق)

পরিচ্ছেদঃ ১৪৯. তিন তালাক প্রদানের পর পুনঃ গ্রহণ বাতিল হওয়া।

باب نَسْخِ الْمُرَاجَعَةِ بَعْدَ التَّطْلِيقَاتِ الثَّلاَثِ

আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مُحَمَّدٍ الْمَرْوَزِيُّ، حَدَّثَنِي عَلِيُّ بْنُ حُسَيْنِ بْنِ وَاقِدٍ، عَنْ أَبِيهِ، عَنْ يَزِيدَ النَّحْوِيِّ، عَنْ عِكْرِمَةَ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ ‏(‏ وَالْمُطَلَّقَاتُ يَتَرَبَّصْنَ بِأَنْفُسِهِنَّ ثَلاَثَةَ قُرُوءٍ وَلاَ يَحِلُّ لَهُنَّ أَنْ يَكْتُمْنَ مَا خَلَقَ اللَّهُ فِي أَرْحَامِهِنَّ ‏)‏ الآيَةَ وَذَلِكَ أَنَّ الرَّجُلَ كَانَ إِذَا طَلَّقَ امْرَأَتَهُ فَهُوَ أَحَقُّ بِرَجْعَتِهَا وَإِنْ طَلَّقَهَا ثَلاَثًا فَنُسِخَ ذَلِكَ وَقَالَ ‏(‏ الطَّلاَقُ مَرَّتَانِ ‏)‏ ‏.‏

বাংলা

২১৮৪. আহমদ ইবন মুহাম্মদ আল মারওয়াযী .... ইবন আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, (আল্লাহ্ তা’আলার বাণীঃ) ’’তালাকপ্রাপ্তা মহিলাগণকে নিজ গৃহে তিন হায়েয পর্যন্ত আবদ্ধ রাখবে। আর তাদের জন্য আল্লাহ্ তা’আলা তাদের গর্ভে যা সৃষ্টি করেছেন, তা গোপন রাখা বৈধ নহে’’ (আর এ আয়াত নাযিলে উদ্দেশ্য হল) যখন কোন লোক তার স্ত্রীকে ইতিপূর্বে তালাক প্রদান করতো, তখন সে তাকে পুনঃগ্রহণের অধিক হকদার হতো; যদিও সে তাকে তিন তালাক প্রদান করতো। এরপর এ আয়াতটি, পরবর্তী আয়াতের দ্বারা মানসুখ (রহিত) হয়। এরপর তিনি তিলাওয়াত করেনঃ (অর্থ) ’’তালাক দু’ধরনের ... আয়াতের শেষ পর্যন্ত।’’ অর্থাৎ ১. তালাকে রিজ’ঈ: এক বা দু’তালাক দেয়ার পর ফেরত নেয়া চলে। ২. তালাকে মুগালালাযাঃ তিন তালাক দেয়ার পর পুনঃগ্রহণ চলে না।

## English

Narrated Abdullah ibn Abbas:

Divorced women shall wait concerning themselves for three monthly periods. Nor is it lawful for them to hide what Allah hath created in their wombs. This means that if a man divorced his wife he had the right to take her back in marriage though he had divorced her by three pronouncements. This was then repealed (by a Qur'anic verse). Divorce is only permissible

twice.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=34292

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন